# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৬৪৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৪৪]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ১৭: সারারাত জাগরণ সম্পর্কে ‘আয়িশাহ্ (রাঃ) -এর বর্ণনায় মতপার্থক্য

باب الاِخْتِلاَفِ عَلَى عَائِشَةَ فِي إِحْيَاءِ اللَّيْلِ . أ }

আরবী

أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى، عَنْ عَبْدِ الْوَارِثِ، قال: حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، أَنّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَخَلَ الْمَسْجِدَ فَرَأَى حَبْلًا مَمْدُودًا بَيْنَ سَارِيَتَيْنِ، فَقَالَ: مَا هَذَا الْحَبْلُ ؟ ، فَقَالُوا: لِزَيْنَبَ تُصَلِّي، فَإِذَا فَتَرَتْ تَعَلَّقَتْ بِهِ، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: حُلُّوهُ لِيُصَلِّ أَحَدُكُمْ نَشَاطَهُ فَإِذَا فَتَرَ فَلْيَقْعُدْ .

تخريج دارالدعوه: صحيح البخارى/التهجد ١٨ (١١٥٠)، صحيح مسلم/المسافرين ٣١ (٧٨٤)، وقد أخرجه: سنن ابى داود/الصلاة ٣٠٨ (١٣١٢)، سنن ابن ماجه/الإقامة ١٨٤ (١٣٧١)، (تحفة الأشراف: ١٠٣٣)، مسند احمد ٣/١٠١، ١٨٤، ٢٠٤، ٢٥٦ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1644 ـ صحيح

বাংলা

১৬৪৩. ইমরান ইবনু মূসা (রহ.) ..... আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত, রসূলুল্লাহ (সা.) একবার মসজিদে প্রবেশ করে দু' খুঁটির মাঝখানে একটা রশি টানানো দেখে প্রশ্ন করলেন, এটা কিসের রশি? সাহাবীরা বললেন, এটা যায়নাব (রাঃ)-এর রশি। যখন তিনি দাঁড়াতে অসমর্থ হয়ে যান, তখন এ রশির সাথে লটকে (রশি ধরে) থেকে সালাত আদায় করে থাকেন। নবী (সা.) বললেন, ঐ রশি খুলে ফেল। তোমরা প্রফুল্লতা অবশিষ্ট থাকা পর্যন্ত সালাত আদায় করবে। আর যখনি ক্লান্ত হয়ে পড়বে তখন বসে পড়বে।

## English

The differing narrations from 'Aishah regarding staying up at night (in prayer)

It was narrated from Anas bin Malik that: The Messenger of Allah (ﷺ) entered the masjid and saw a rope tied between two pillars. He said: What is this? They said: It is for Zainab when she prays; if she gets tired she holds on to it. The Prophet (ﷺ) said: Untie it. Let any one of you pray as long as he has energy, and if he gets tired let him sit down.

## ফুটনোট

সহীহঃ বুখারী ১১৫০, মুসলিম ৭৮৪, ইবনু মাজাহ ১৩৭১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90139

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন